

“মুজিব বর্ষের আহবান
দক্ষ হয়ে বিদেশ যান”



প্রশাসন (অর্থ ও আইটি) শাখা।
জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
৮৯/২, কাকরাইল, ঢাকা-১০০০।

বিষয় : কোভিড-১৯ মহামারীকালে ফ্রন্ট লাইনার হিসেবে টিকা প্রদান।

সূত্র : ১। মন্ত্রীর দপ্তরের ইউ, ও নোট নং-৪৯.০০.০০০০.০১০.৩৩.০১৬.২১.১৭৪, তারিখ: ৬ জুলাই ২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২০ সাল হতে অদ্যাবধি চলমান কোভিড-১৯ মহামারীকালে প্রবাসী কর্মীদের বিভিন্ন ধরনের সহায়তা প্রদানের জন্য মন্ত্রণালয়, বিএমইটি এবং ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের কর্মকর্তা/কর্মচারীগণ সরকারি বিভিন্ন বিধিনিষেধ থাকা সত্ত্বেও ফ্রন্ট লাইনার হিসেবে দায়িত্ব পালন করে আসছে। বিশেষ করে আন্তর্জাতিক বিমানবন্দরস্থ প্রবাসী কল্যাণ ডেস্ক এবং দেশের জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস সমূহে কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণ দিনরাত কাজ করায় তাদের করোনায় আক্রান্ত হওয়ার ঝুঁকি বিদ্যমান রয়েছে। বিষয়টি মাননীয় মন্ত্রীর গোচরীভূত হওয়ায় তিনি তাদেরকে ফ্রন্ট লাইনার হিসেবে কোভিড-১৯ টিকা প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেছেন (কপি সংযুক্ত)।

এমতাবস্থায়, বিএমইটি'র বিভিন্ন শাখার সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের ফ্রন্ট লাইনার বিবেচনায় তালিকাভুক্ত করে অত্র শাখায় প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

সংযুক্তি : বর্ণনানুযায়ী-০১ (এক) পাতা।

(মোঃ রেজাউল করিম)

উপসচিব

পরিচালক (প্রশাসন ও অর্থ)

ফোন : ০২-৮৩০০২৬৪ (অফিস)

ই-মেইল:directoradmin@bmet.gov.bd

বিতরণ (কার্যার্থে):

- ১। পরিচালক, প্রশাসন ও অর্থ, বিএমইটি, ঢাকা।
- ২। পরিচালক, কর্মসংস্থান, বিএমইটি, ঢাকা (ডিইএম সমূহের সংশ্লিষ্টদের/কর্মরতদের ফ্রন্ট লাইনার বিবেচনায় তালিকাভুক্ত করে পরবর্তী কার্যার্থে)।
- ৩। পরিচালক, বহির্গমন ও প্রটোকল, বিএমইটি, ঢাকা (আন্তর্জাতিক বিমানবন্দরস্থ প্রবাসী কল্যাণ ডেস্ক সমূহের সংশ্লিষ্টদের/ কর্মরতদের ফ্রন্ট লাইনার বিবেচনায় তালিকাভুক্ত করে পরবর্তী কার্যার্থে)।
- ৪। পরিচালক, প্রশিক্ষণ পরিচালনা/ প্রশিক্ষণমান ও পরিকল্পনা, বিএমইটি, ঢাকা।
- ৫। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, বিএমইটি, ঢাকা।
- ৬। অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ/ কর্মসংস্থান) এর ব্যক্তিগত সহকারী, বিএমইটি, ঢাকা।

ইউ, ও নোট নম্বর -৪৯.০১.০০০০.০০২.১৮.০২২.২১. ১৬৪৭ (ক)

তারিখ : ১৪.০৭.২০২১খ্রিঃ।



মুজিব বর্ষের আহবান
দক্ষ হয়ে বিদেশ যান

মহা-পরিচালক
জনশক্তি ব্যুরো
প্রাপ্তির তাং: ০৫/০৭/২১
ডায়েরী নং: ৩২২৫
পরিচালক: [Signature]
অনুস্বাক্ষর



মাননীয় মন্ত্রীর দপ্তর
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক
কর্মসংস্থান মন্ত্রণালয়

বিষয়: কোভিড-১৯ মহামারীকালে ফ্রন্ট লাইনার হিসেবে টিকা প্রদান।

উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২০ সাল হতে অদ্যাবধি চলমান কোভিড-১৯ মহামারীকালে প্রবাসী কর্মীদের বিভিন্ন ধরনের সহায়তা প্রদানের জন্য মন্ত্রণালয়, বিএমইটি এবং ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের কর্মকর্তা-কর্মচারীগণ সরকারি বিভিন্ন বিধিনিষেধ থাকা সত্ত্বেও ফ্রন্ট লাইনার হিসেবে দায়িত্ব পালন করে আসছেন। বিশেষ করে বিভিন্ন আন্তর্জাতিক বিমানবন্দরস্থ প্রবাসী কল্যাণ ডেস্ক এবং দেশের জেলা জনশক্তি ও কর্মসংস্থান অফিস সমূহে কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণ দিনরাত কাজ করায় তাদের করোনায় আক্রান্ত হওয়ার ঝুঁকি বিদ্যমান রয়েছে। বিষয়টি মাননীয় মন্ত্রীর গোচরীভূত হওয়ায় তিনি তাদেরকে ফ্রন্ট লাইনার হিসেবে কোভিড-১৯ টিকা প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেছেন।

২। এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে সংশ্লিষ্টদের/ কর্মরতদের ফ্রন্ট লাইনার বিবেচনায় তালিকাভুক্ত করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে বিনীত অনুরোধ করা হলো।

[Signature]
আহমদ কবীর
মন্ত্রীর একান্ত সচিব

সচিব
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

ইউ, ও নোট নং- ৪৯.০০.০০০০.০১০.৩৩.০১৬.২১.১৭৪

০৬ জুলাই ২০২১ খ্রিঃ

অনুলিপি (কার্যার্থে):

- ১। মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, কাকরাইল/ ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
- ২। অফিস কপি